গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোপালগঞ্জ সদর
www.gopalganjsadar.gov.bd

স্মারক নং-০১.০১.৩৫৩২.০০০.১৬.০০১.১৯- ২৯(১)

তারিখ: ২৭ পৌষ ১৪২৯ ব.
১১ জানুয়ারি ২০২৩ খ্রি.

## ২০ একর পর্যন্ত জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী গোপালগঞ্জ জেলাধীন সদর উপজেলার নিম্নবর্ণিত জলমহাল গুলো বাংলা ১৪৩০-১৪৩২ সাল পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | ইউনিয়নের নাম | পুকুর / জলাশয়ের নাম | জমির পরিমান | মৌজা | দাগ নং | সরকারি ইজারা মূল্য (০৩ বছরের গড় মূল্য) ভ্যাট ও আয়কর ব্যতীত |
|---|---|---|---|---|---|---|
| ১. | গোবরা | চর গোবরা গুচ্ছগ্রাম খাস পুকুর | ২.০০ একর | গোবরা | ৩৫৬৩ | ৫৯,৮৮৬/- |
| ২. | পাইককান্দি | বিজয়পাশা খাস পুকুর | ০.৬৯ একর | বিজয়পাশা | ৮৯৮ | ১,৪১৮/- |
| ৩. | পাইককান্দি | বিজয়পাশা খাস পুকুর | ০.৬৬ একর | বিজয়পাশা | ৬৬০ | ১,৪৩৬/- |
| ৪. | বৌলতলী | বৌলতলী বাজারের খাস পুকুর | ০.৩২ একর | বৌলতলী | ১১৫৮ | ২,৮০০/- |
| ৫. | উলপুর | উলপুর খাস পুকুর | ০.৭০ একর | উলপুর | ৪৬৭০ | ১২,৯৮৬/- |
| ৬. | নিজড়া | নারিকেলবাড়ী খাস পুকুর | ০.৬২ একর | নিজড়া | ৬৬৯ | ১,১২১/- |
| ৭. | রঘুনাথপুর | রঘুনাথপুর পূর্বপাড়া খাস পুকুর | ০.৫১ একর | রঘুনাথপুর | ১৫৪৯ | ১,০৫০/- |
| ৮. | রঘুনাথপুর | মানুষপুড়া খাস পুকুর | ০.৭২ একর | রঘুনাথপুর | ২২১৪ | ১,৮৩৮/- |
| ৯. | রঘুনাথপুর | দিঘারকুল খাসপুকুর | ২.৭৮ একর | দিঘারকুল | ১৪৪৮,১৪০৫,১২০৫ | ৫,২৫০/- |
| ১০. | পাইককান্দি | পাইকেরডাঙ্গা খাস পুকুর | ০.৬২ একর | পাইকেরডাঙ্গা | ২৬১৯ | ১০,৫০০/- |
| ১১. | কাঠি | খানারপাড় চৌধুরী বাড়ী খাসপুকুর | ২.৪০ একর | খানারপাড় | ৮১ | ১,১২,১৩৫/- |
| ১২. | পাইককান্দি | সুলতানশাহী খাস পুকুর | ০.২১ একর | সুলতানশাহী | ২৬২৮ | ১,০৫০/- |
| ১৩. | লতিফপুর | ঘোষেরচর খাস পুকুর | ১.৮৬ একর | ঘোষেরচর | ৪৬১ | ৯,৪৫০/- |
| ১৪. | শুকতাইল | শুকতাইল খাস পুকুর | ০.৬২ একর | শুকতাইল | ২৬১৯ | ১৪,৭০০/- |
| ১৫. | শুকতাইল | শুকতাইল খাস পুকুর | ০.১৯ একর | শুকতাইল | ৫৯৩ | ৩,১৫০/- |
| ১৬. | কাজুলিয়া | কাজুলিয়া খাসপুকুর | ১.৪৩ একর | কাজুলিয়া | ১০৩ | ২,২০৮/- |

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউল (ভূমি মন্ত্রণালয়ের ১৮ ডিসেম্বর ২০২২ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২).৪৮ নং স্মারকের প্রজ্ঞাপন মোতাবেক)

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউল:

| ক্র: নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১. | ০১ মাঘ থেকে ০৫ মাঘের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান। |
| ২. | ০৬ মাঘ থেকে ২৫ মাঘের মধ্যে | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ৩. | ২৬ মাঘ থেকে পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ এর কার্যালয়ে দাখিল। |
| ৪. | ০৬ ফাল্গুনের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৫. | ১৫ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৬. | ২৯ ফাল্গুনের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, গোপালগঞ্জ বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ৭. | ০৭ চৈত্রের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৮. | ২৩ চৈত্রের মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ৯. | ১ বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

## শর্তাবলী

১। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুয়ায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎসজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্যাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবে।

২। অনলাইনে আবেদন সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎসজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে নিবন্ধন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩। অনলাইনে আবেদন দাখিলের সময়সীমা ০৬ থকে ২৫ মাঘ পর্যন্ত।

৪। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমা ২৬ মাঘ থেকে পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে অনলাইনে দাখিলকৃত আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ দরপত্র ক্রয়/আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত টাকা) মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর বরাবর দাখিল করতে হবে। জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর এর কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

৫। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

৬। আবেদনপত্রের প্রিন্টেড কপিসহ দাখিলের সময় আবেদনপত্রের উদ্ধৃত মূল্যের ২০% অর্থ জামানত হিসেবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর এর অনুকূলে আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। তাছাড়া আবেদনপত্র দাখিলকারী মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক সমিতির নিবন্ধনপত্রের সত্যায়িত কপিসহ প্রয়োজনীয় সকল কাগজপত্র এবং মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে জেলা/উপজেলা সমবায় অফিসারের নিকট হতে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র অসম্পূর্ণ থাকলে বাতিলযোগ্য হবে।

৭। ইজারার মেয়াদ বাংলা ১৪৩০ সনের ০১ বৈশাখ হতে বাংলা ১৪৩২ সনের ৩০ চৈত্র পর্যন্ত কার্যকর হবে। চুক্তিপত্র দলিল সম্পাদনের পূর্বে জলমহালের দখল প্রদান করা হবে না এবং বাংলা ১৪৩২ সনের ৩০ চৈত্রের পর স্বয়ংক্রিয়ভাবে ইজারা বতিল বলে গণ্য হবে।

৮। ইজারা আবেদনপত্র অনুমোদন বিলম্ব হলে উক্ত বিলম্বের কারণে কোন অবস্থাতেই ইজারার মেয়াদ বৃদ্ধির আবেদন গ্রহণযোগ্য হবে না। বছরের যেকোন সময় দরপত্র আহবান করা হলেও ইজারার মেয়াদ বাংলা ১৪৩০ সনের ০১ বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে এবং বাংলা ১৪৩০ সনের ০১ বৈশাখ হতে সকল সরকারি প্রাপ্য আদায়যোগ্য হবে।

৯। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী আবেদনপত্র গৃহীত হওয়া সাপেক্ষে জেলা প্রশাসক, গোপালগঞ্জ মহোদয়ের সিদ্ধান্তের প্রেক্ষিতে আবেদনপত্র ১ম বছরের ইজারামূল্যের ১৫% ভ্যাট ও ৫% আয়কর ১৫(পনের) কার্যদিবসের মধ্যে নির্ধারিত কোডে চালানে জমা দিতে হবে এবং পরবর্তী বছর সমূহের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। বকেয়া টাকা আইনানুগভাবে আদায় করা হবে।

১০। আবেদনপত্র কেবলমাত্র অনলাইনে দাখিল করা যাবে। মৎস্যজীবী সমবায় সমিতির একটি ই-মেইল ঠিকানা থাকা বাঞ্ছনীয়।

১১। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা প্রস্তাব অনুমোদনের পর যে সকল আবেদনপত্র গৃহীত হবে না, সে সকল আবেদনপত্রের সাথে জামানত হিসাবে সংযুক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনকারী কর্তৃক আবেদন সাপেক্ষ ফেরত দেয়া হবে।

১২। প্রতিটি আবেদনপত্রের প্রিন্টেড কপির খামের উপর জলমহালের নাম, মৎস্যজীবী সমবায় সমিতির নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে সমিতির রেজিষ্ট্রেশন সনদ, সমিতির গঠনতন্ত্র, সভাপতি/সম্পাদকের ছবি, নির্বাহী কমিটির সদস্যদের তালিকা, ০২ বছরের অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে), ০৩ বছরের কর্ম পরিকল্পনা, ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক সচ্ছলতার সনদ, সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

১৩। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত আবেদনপত্রের সাথে দাখিলকৃত জামানত শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি দলিল সম্পাদন করতে হবে। ইজারা গ্রহীতা কোন অবস্থাতেই সম্পূর্ণ জলমহাল বা অংশবিশেষ সাব-লিজ দিতে পারবেন না। ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখিত জলমহালের আয়তন এবং দখলীয় আয়তনের মধ্যে তারতম্য হলেও কোন আপত্তি উত্থাপন করতে পারবেন না।

১৪। দাখিলকৃত আবেদনসমূহ বিবেচনার ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুসরণ করা হবে।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দাখিলকৃত যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মহসিন উদ্দীন) ১১/১/২৩
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গোপালগঞ্জ সদর

স্মারক নং-৫১.০১.৩৫৩২.০০০.১৬.০০১.১৯- ২৯(১) তারিখ: ২৭ পৌষ ১৪২৯ ব. / ১১ জানুয়ারি ২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য :

১। শেখ ফজলুল করিম সেলিম, মাননীয় সংসদ সদস্য, গোপালগঞ্জ-২ ও মাননীয় উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি;
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ;
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গোপালগঞ্জ;
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালগঞ্জ সদর;
৭। উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর।

অবগতি ও কার্যার্থে :(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১ । উপজেলা কৃষি কর্মকর্তা, গোপালগঞ্জ সদর;
২। উপজেলা মৎস্য কর্মকর্তা, গোপালগঞ্জ সদর;
৩। অফিসার ইন-চার্জ, গোপালগঞ্জ সদর;
৪। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোপালগঞ্জ সদর;
৫। উপজেলা সমবায় কর্মকর্তা, গোপালগঞ্জ সদর;
৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোপালগঞ্জ সদর;
৭। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোপালগঞ্জ সদর;
৮। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, (সকল )................................ গোপালগঞ্জ সদর;
৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)................................. ইউনিয়ন ভূমি অফিস, গোপালগঞ্জ সদর।

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১১/০১/২০২৩

(মোঃ মামুন খান)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গোপালগঞ্জ সদর।